তারিখ 16 APR 1996
পৃষ্ঠা ৩ কলাম ৭

দৈনিক ইত্তেফাক

## 'ম্যাজিষ্ট্রেটের নির্দেশ ওসি মানেন নাই'

বরগুনা (দঃ) সংবাদদাতা ।। স্থানীয় মাদ্রাসায় দাখিল পরীক্ষা চলাকালে গোলাম সরোয়ার নামক এক পরীক্ষার্থীর খাতায় হল পরিদর্শক

(১৩শ পৃঃ পর)

## ম্যাজিষ্ট্রেটের নির্দেশ

(৩য় পৃঃ পর)

আবদুর রাজ্জাক লেখার সময় হাতেনাতে ধরা পড়েন, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেটের নির্দেশে হল সুপার ও সহকারী কমিশনার মামলা দায়ের করিয়া পরিদর্শককে গ্রেফতারের জন্য ও,সি'কে নির্দেশ দিলে ও,সি ঐ নির্দেশ না মানিয়া আসামীকে ছাড়িয়া দিয়া থানায় চলিয়া যান। পরে এডিএম ও,সি'কে একই নির্দেশ দিলে তখনও ও,সি ঐ দির্দেশ মানেন নাই। এমনকি মামলাও গ্রহণ করেন নাই। এ ঘটনার পর উক্ত হল পরিদর্শক বাড়ী চলিয়া যান। এ ঘটনায় জেলা ও পুলিশ প্রশাসনের মধ্যে দ্বন্দ্বের সৃষ্টি হইয়াছে।